নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

নং- ৪৬. ০৩৯. ০১৮. ০০. ০০. ০১৪. ২০১৮-১৮৯২

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

## পরিপত্র

বিষয়ঃ একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকায় অনুদান প্রদান, নতুন প্রকল্প গ্রহণ এবং অর্থ অবমুক্তকরণ স্হগিত রাখা।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ আগামী ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত হবে। সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি ৩ক অনুযায়ী নির্বাচন-পূর্ব সময়ে অর্থাৎ নির্বাচনি তফসিল ঘোষণার তারিখ হতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত কোন সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের তহবিল হতে কোন ব্যক্তি বা গোষ্ঠি বা প্রতিষ্ঠানের অনুকূলে কোন প্রকার অনুদান ঘোষণা বা বরাদ্দ প্রদান বা অর্থ অবমুক্ত করতে পারবেন না। এ বিধিমালার বিধান লংঘন দন্ডনীয় অপরাধ হিসাবে গন্য হবে এবং উক্তরূপ অপরাধের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উল্লিখিত আচরণ বিধিমালার বিধি ১৮ অনুযায়ী দন্ডনীয় হবেন।

০২। একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে প্রভাবমুক্ত রাখার লক্ষ্যে নির্বাচন সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় কোন প্রার্থী সিটি কর্পোরেশন/পৌরসভাসহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন সম্পত্তি তথা অফিস, যানবাহন, মোবাইল ফোন, টেলিফোন, ওয়াকিটকি বা অন্য কোন সুযোগ সুবিধা নির্বাচনের কাজে ব্যবহার করতে পারবেন না মর্মে মাননীয় নির্বাচন কমিশন নির্দেশনা প্রদান করেছেন। এমনকি মাশুল প্রদান করেও এগুলো ব্যবহার করা যাবে না। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা/কর্মচারীকে কোন অবস্থাতেই নির্বাচনের কাজে ব্যবহার করা যাবে না। তাছাড়া, কোন প্রার্থী সরকারী অর্থে ক্রয়কার্য সংক্রান্ত কোন দরপত্র আহবান, গ্রহণ কিংবা বাতিলের বিষয়েও সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন না।

০৩। সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি ৩ অনুসারে নির্বাচন-পূর্ব সময়ে কোন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রাজস্ব বা উন্নয়ন তহবিলভুক্ত কোন প্রকল্পের অনুমোদন, ঘোষণা বা ভিত্তিপ্রস্তর স্থাপন কিংবা ফলক উন্মোচন করা যাবে না।

০৪। তাছাড়া, একাদশ জাতীয় সংসদ নির্বাচনের কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় অনুদান/ত্রাণ বিতরণ সংক্রান্ত কার্যক্রম বা উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন বা উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন না করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। তবে ইতঃপূর্বে অনুমোদিত কোন প্রকল্পে অর্থ অবমুক্ত বা প্রদান করা নিতান্ত আবশ্যক হলে জরুরি ভিত্তিতে নির্বাচন কমিশনের সম্মতি গ্রহণ করতে হবে।

০৫। নির্বাচন কমিশন সচিবালয়ের ১৯/১১/২০১৮ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৮.১৯-৬৯৬ নং স্মারকের আলোকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারী করা হল। যা অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

নং- ৪৬. ০৩৯. ০১৮. ০০. ০০. ০১৪. ২০১৮-১৮৯২/(৫)

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলঃ

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব/উপপ্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। প্রোগ্রামার/হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থাঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিলা/গাজীপুর/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
৭। চেয়ারম্যান, --------------------- জেলা পরিষদ।
৮। চেয়ারম্যান, ------------------- উপজেলা পরিষদ, জেলা -------------।
৯। মেয়র, ---------------------- পৌরসভা, জেলা -----------------।
১০। চেয়ারম্যান, ------------------ ইউনিয়ন, উপজেলা, ----------------, জেলা ------------------।

অনুলিপি (সদয় অবগতির জন্য)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। জেলা প্রশাসক, --------------------------- (সকল)।
৫। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ----------------------, জেলা --------------------।

২৫/১১/২০১৮

(মোঃ এরশাদুর্ল হক)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩

নির্বাচন অধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

নং- ৪৬. ০৩৯. ০১৮. ০০. ০০. ০১৪. ২০১৮-১৮৬৮

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

## নির্বাহী আদেশ

আগামী ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখ একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হইবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সরকার জাতির কাছে সাংবিধানিকভাবে দায়বদ্ধ। অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও ভয়ভীতিহীন পরিবেশে উক্ত নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন ইতোমধ্যে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিয়াছেন। নির্বাচন কমিশনের এই দায়িত্ব সুচারুরূপে সম্পাদনের জন্য সরকারি অফিস ও সংস্থাসমূহ সকল প্রকার সহযোগিতা করিতে আইনত বাধ্য। এই নির্বাচন অনুষ্ঠানে সরকারি সাহায্য ও সহযোগিতার পাশাপাশি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নিকট হইতেও প্রয়োজনীয় সাহায্য সহযোগিতা অত্যাবশ্যক।

২। নির্বাচনের সময় নির্বাচনি এলাকার সর্বত্র শান্তি-শৃঙ্খলা রক্ষা করা সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের পূর্বশর্ত। শান্তি-শৃঙ্খলা রক্ষা করিবার দায়িত্ব মূলত সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থা/কর্তৃপক্ষের উপর অর্পিত থাকিলেও এই ব্যাপারে স্থানীয় জনসাধারণ এবং নেতৃবৃন্দের সাহায্য ও সহযোগিতা একান্ত প্রয়োজন। শান্তি-শৃঙ্খলা রক্ষার এই তাৎপর্যপূর্ণ ভূমিকা পালনের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে সিটি কর্পোরেশন/জেলা পরিষদ/উপজেলা পরিষদ/পৌরসভা/ইউনিয়ন পরিষদসমূহের দায়িত্ব বিশেষ গুরুত্বপূর্ণ।

৩। উল্লিখিত প্রেক্ষাপটে দেশের সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জাতীয় সংসদ নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্ত দায়িত্ব পালন করিবেঃ

১) স্ব স্ব এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষার্থে আইন-প্রয়োগকারী সংস্থাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

২) নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে নির্বাচন কমিশন সময়ে সময়ে যে সব আদেশ/নির্দেশ জারী করিয়াছেন কিংবা করিবেন তাহা প্রতিপালন;

৩) নির্বাচনি মিছিল, সভা ও প্রচারণা যাহাতে অবাধ ও শান্তিপূর্ণ ও বিধি অনুযায়ী হয় সেই দিকে লক্ষ্য রাখা;

৪) কোন নির্বাচনি অফিস বা প্রতীক বা পোস্টার নষ্ট করিবার যে কোন প্রচেষ্টারোধে সামাজিক প্রতিরোধ গঠনে সহায়তা করা;

৫) ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন, জেলা পরিষদ কিংবা উপজেলা পরিষদে এমন কোন উন্নয়ন স্কীম গ্রহণ ও বাস্তবায়ন করিবে না যাহা জাতীয় সংসদ নির্বাচনে কোন প্রার্থীর ভোট প্রাপ্তিতে বা প্রচারণার পক্ষে ব্যবহৃত হইতে পারে;

৬) ইউনিয়ন পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ, সিটি কর্পোরেশন কিংবা উপজেলা পরিষদে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অনুদান বা অনুদানের প্রতিশ্রুতি দিতে পারিবে না যাহা কোন প্রার্থীর ভোট প্রাপ্তি বা প্রচারণার কাজে প্রভাব বিস্তার করিবে;

৭) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন অফিস, যানবাহন এবং অন্যান্য সম্পত্তি কোন প্রার্থীর নির্বাচন বা প্রচারণার কাজে কোনভাবেই ব্যবহার করা যাইবে না। মাশুল পরিশোধ করিয়াও ব্যক্তিগত কাজে কোন যানবাহন ব্যবহার করার অনুমতি দেওয়া যাইবে না;

৮) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ কোন প্রার্থীর নির্বাচনি কাজে বা প্রচারণায় অংশগ্রহণ করিতে পারিবে না;

৯) ভোটকেন্দ্র নির্মাণসহ নির্বাচনি সংশ্লিষ্ট অন্যান্য সকল কাজে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহায়তা প্রয়োজন হইলে স্থানীয় সরকার প্রতিষ্ঠান উহা প্রদান করিবে;

সিটি কর্পোরেশন-২ শাখা
ডায়েরী নং ৯৬২০
তারিখ ২২/১১/১৮

১০) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধিগণ তাহাদের পদমর্যাদা, সরকারি সুযোগ সুবিধা ইত্যাদি কোন প্রার্থীর নির্বাচনি কাজে ব্যবহার করিতে পারিবেন না।

৪। উল্লিখিত স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এই আদেশে বর্ণিত দায়িত্ব পালনে ব্যর্থ হইলে, শৈথিল্য প্রদর্শন করিলে কিংবা অবহেলা করিলে উক্ত স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট অধ্যাদেশ/আইন/বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৫। এই আদেশ জারির তারিখ হইতে নির্বাচনের পরবর্তী ১৫ দিন পর্যন্ত বলবৎ থাকিবে।

স্বাক্ষরিত/-
১৯/১১/২০১৮
এস. এম. গোলাম ফারুক
সিনিয়র সচিব

প্রাপক,

১। মেয়র, --------------------------- সিটি কর্পোরেশন।

২। চেয়ারম্যান, ----------------------- জেলা পরিষদ।

৩। চেয়ারম্যান, ----------------- উপজেলা পরিষদ, জেলা -------------।

৪। মেয়র, --------------------- পৌরসভা, জেলা -----------------।

৫। চেয়ারম্যান, ----------------- ইউনিয়ন, উপজেলা, ----------------, জেলা -----------------।

নং- ৪৬. ০৩৯. ০১৮. ০০. ০০. ০১৪. ২০১৮-১৮৬৮/১(১২) তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।

৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ------------------------- (সকল)।

৫। উপ-মহাপুলিশ পরিদর্শক, --------------------- (সকল)।

৬। জেলা প্রশাসক, --------------------------- (সকল)।

৭। পুলিশ সুপার, -------------------------- (সকল)।

৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ----------------------- (সকল)।

৯। জেলা নির্বাচন কর্মকর্তা, ---------------------- (সকল)।

১০। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ---------------------, জেলা --------------------।

১১। উপজেলা নির্বাচন কর্মকর্তা, উপজেলা ---------------------, জেলা --------------------।

১২। সচিব, জেলা পরিষদ, ------------------------ (সকল)।

১৯/১১/২০১৮

(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd